জেলা পরিষদ

বাগেরহাট।

www.zpbagerhat.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন বৃত্তি ও বিশেষ সম্মাননা প্রদান বিজ্ঞপ্তি ঃ

বাগেরহাট জেলা পরিষদ কর্তৃক ২০২১-২২ অর্থবছরের রাজস্ব বাজেট বরাদ্দের আওতায় গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে এককালীন বৃত্তি প্রদানের লক্ষ্যে ২০২১ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান এবং এইচ.এস.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ প্রাপ্ত ছাত্রছাত্রীদের নিকট হতে নিম্নবর্নিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহব্বান করা যাচ্ছে। এছাড়া যে সকল ছাত্র-ছাত্রী বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা যারা বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ/প্রকৌশল বিশ্ববিদ্যালয়-এ ২০২২ সালে ভর্তির সুযোগ পেয়েছেন তাদেরকে বিশেষ সম্মাননা প্রদান করা হবে।

শর্তাবলীঃ-

১। বৃত্তির জন্য আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ২০২১ সালে অনুষ্ঠিত এস. এস.সি/সমমান এবং এইচ.এস.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ-৫.০০ থাকতে হবে। (আবেদন ফরম -১ এর জন্য প্রযোজ্য)

২। বিশেষ সম্মাননার জন্য আবেদনকারী ছাত্র-ছাত্রীকে যেকোন সরকারি মেডিকেল কলেজ/বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/পাবলিক বিশ্ববিদ্যালয়-এ ২০২১-২২ শিক্ষাবর্ষে ভর্তির সুযোগ পেয়েছেন এমন প্রমাণ থাকতে হবে। (আবেদন ফরম -২ এর জন্য প্রযোজ্য)

৩। মুক্তিযোদ্ধা পোষ্য এবং প্রতিবন্ধী/অতি দরিদ্র প্রার্থীদের ক্ষেত্রে সকল বিভাগে জিপিএ ৪.৭৫ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় হতে প্রদত্ত সনদপত্র এবং মুক্তিযোদ্ধার সহিত সম্পর্কের বিষয়ে ইউঃ পিঃ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। আবেদনকারীকে অবশ্যই বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত/অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।

৫। আবেদনপত্রের সাথে এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষার নম্বর ফর্দের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং যে কোন সরকারি মেডিকেল কলেজ/ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/পাবলিক বিশ্ববিদ্যালয়-এ ২০২১-২২ শিক্ষাবর্ষে ভর্তির প্রমাণক সংযুক্ত করতে হবে।

৬। আবেদনপত্রে সম্প্রতি অধ্যয়নরত/সমাপ্ত (প্রযোজ্য ক্ষেত্রে) শিক্ষা প্রাতষ্ঠান/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামত থাকতে হবে।

৭। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৮। আবেদনকারী অবশ্যই বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা এবং আর্থিক অসচ্ছলতা সম্পর্কে সংশ্লিষ্ট ইউঃপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। (আবেদন ফরম -১ এর জন্য প্রযোজ্য)

৯। আবেদনকারীকে স্বহস্তে ফরম পূরণ পূর্বক পূর্ণ নাম সহ স্বাক্ষর করতে হবে এবং অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১০। আবেদনের জন্য নির্ধারিত পৃথক আবেদন ফরম বাগেরহাট জেলা পরিষদ অফিস/জেলা পরিষদ এর ওয়েবসাইট www.zpbagerhat.gov.bd এবং সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে (ফটোকপি গ্রহণযোগ্য)।

১১। নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ৩১/০৮/২০২২খ্রি. তারিখের মধ্যে(অফিস চলাকালীন সময় পর্যন্ত)নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ স্ববিবেচক/বিশেষ ক্ষেত্রে জি.পি.এ পাশের হার শিথিল করার ক্ষমতা সংরক্ষণ সহ উক্ত বিজ্ঞপ্তির সংশোধন/পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। প্রয়োজনে এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি বাগেরহাট জেলা পরিষদ কার্যালয় এবং প্রশাসনিক কর্মকর্তা জনাব একেএম জাকির মোবাইল নং (০১৭১৮-২৪৯২৫৩) এবং সংশ্লিষ্ট সহকারী জনাব পলাশ কুমার পাল (মোবাইল নং ০১৭২৪-৪৬৭৬৫০) এর নিকট হতে জানা যাবে।

সাঃ

ঝুমুর বালা
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, বাগেরহাট
ফোন নং-০২৪৭৭-৭৫২৪৮১
Email: zpbagerhat@lgd.gov.bd

চলমান পাতা-২